গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
আইসিটি প্রোমোশন শাখা
www.ictd.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০০৮.২৩.০০৭.১৯ -৯৫৮১

তারিখঃ ০৬ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
২১ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়: "ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯" উপলক্ষে পুরস্কার/সম্মাননা প্রদানের নিমিত্ত ০৩ জন শ্রেষ্ঠ তরুণ আইসিটি উদ্যোক্তা তালিকা প্রেরণ।**

**সূত্র:** আইসিটি বিভাগের গত ০৩/১১/২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ দেশে ও বিদেশে বর্ণাঢ্যভাবে ৩য় বারের মত **"ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯"** উদ্‌যাপিত হবে। এবারের দিবসটি উদ্‌যাপন উপলক্ষে আগামী ১২ ডিসেম্বর ২০১৯, বৃহস্পতিবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) আয়োজিত মূল অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী **শেখ হাসিনা এমপি** প্রধান অতিথির আসন অলংকৃত করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এবারের ডিজিটাল বাংলাদেশ দিবসের প্রতিপাদ্য **"সত্য-মিথ্যার যাচাই আগে, ইন্টারনেটে শেয়ার পরে"**। উল্লেখ্য ২০০৮ সালের ১২ ডিসেম্বর তারিখে বর্তমান সরকারের **রূপকল্প ২০২১** তথা **"ডিজিটাল বাংলাদেশ"** ঘোষণার মাধ্যমে বাংলাদেশকে উন্নত বিশ্বের সারিতে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে এ দিবসটির গুরুত্ব ও তাৎপর্য অনুধাবন করে মন্ত্রিসভা বৈঠক ১২ ডিসেম্বরকে **"ডিজিটাল বাংলাদেশ দিবস"** হিসেবে পালনের অনুমোদন দেয়।

০২। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে যারা গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন তাদের **"ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯"** উপলক্ষে জাতীয়ভাবে পুরস্কার/সম্মাননা প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত পুরস্কার/সম্মাননা প্রদানের নিমিত্ত ই-গভর্নেন্স বাস্তবায়নে অনন্য অবদান রাখার জন্য নিম্নোক্ত ছক মোতাবেক ০৩ জন শ্রেষ্ঠ তরুণ আইসিটি উদ্যোক্তার তথ্য প্রয়োজন। ।

উদ্যোক্তার তথ্য প্রেরনের ছক

| উদ্যোক্তার নাম | পরিচয় | উদ্যোগের নাম | পুরস্কার/সম্মাননা প্রাপ্তির যৌক্তিকতা | মোবাইল ও ইমেইল |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |

০৩। এমতবস্থায়, **"ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯"** উপলক্ষে পুরস্কার/সম্মাননা প্রদানের জন্যে আগামী ২৩ নভেম্বর ২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে উল্লিখিতভাবে মনোনয়নের তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২১/১১/১৯

(মৃনাল কান্তি দেব)
অতিরিক্ত সচিব
(অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন অনুবিভাগ)
আইসিটি বিভাগ
ও
আহ্বায়ক
পুরস্কার/সম্মাননা উপ-কমিটি,
ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯
ফোন: +৮৮-০২-৮১৮১৫৪৮
ই-মেইলঃ mrinal@ictd.gov.bd

**বিতরণ:**

১) প্রকল্প পরিচালক, এটুআই
২) প্রকল্প পরিচালক, আইডিয়া প্রকল্প

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড ইনোভেশন অনুবিভাগ), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

২। উপসচিব (আইসিটি প্রমোশন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৫। অফিস নথি / মাস্টার ফাইল।